গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঘাটাইল, টাঙ্গাইল
www.ghatail.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩২৮.০০০.০৫.০০২.২৪-০৮ তারিখ ঃ ১৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দে ইজারা বিজ্ঞপ্তি।

(বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩২ বাংলা)

এতদ্দ্বারা সর্বসাধারণকে অবগত করা যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখার ২৩ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নম্বর স্মারক মোতাবেক সাধারণ আবেদনে প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট হতে ঘাটাইল উপজেলার নিয়ন্ত্রণাধীন ২০ (বিশ) একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক আগামী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতির নিকট থেকে বর্ণিত সিডিউল অনুযায়ী শর্তসাপেক্ষে অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন/দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে<br>(০৫ জানুয়ারির মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান। |
| ০২ | ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে<br>(১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে<br>(০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ঘাটাইল, টাঙ্গাইল এ দাখিল। |
| ০৪ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে<br>(০৫ ফেব্রুয়ারী থেকে ১১ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে।<br>(১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুনের মধ্যে<br>(১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চের মধ্যে) | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ(প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে<br>(১৭ মার্চ থেকে ২৯ মার্চের মধ্যে) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান ও ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৯ | ১ বৈশাখ (১৪ এপ্রিল) | - | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

জলমহালের তালিকা ঃ

| ক্রম | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|
| ১ | ঘাটাইল সদর | কুলিয়া খাস পুকুর | ৫.০৮ | ১,০৩,০০০/- | ১,০৮,১৫০/- |
| ২ | | শাহপুর খাস পুকুর | ০.৭৯ | - | ৫,০০০/- |
| ৩ | জামুরিয়া | মধ্যকর্ণা খাস পুকুর | ২.০৮ | ৩২,২০০/- | ৩৩,৮১০/- |
| ৪ | দেউলাবাড়ী | ঝুনকাইল খাস পুকুর | ০.৩৩ | - | ৪,০০০/- |
| ৫ | | বানীবাড়ী সাহেব খা খাস পুকুর | ০.২৭ | - | ৪,০০০/- |
| ৬ | | খিলগাতী খাস পুকুর | ০.৩০ | - | ৩,০০০/- |
| ৭ | দিঘলকান্দি | জোতনছর খাস পুকুর | ০.২০ | - | ২,০০০/- |
| ৮ | | বীরচারী খাস পুকুর | ০.৬৫ | - | ৫,০০০/- |
| ৯ | দিগড় | হামিদপুর খাস পুকুর | ১.২৯ | ৫০,৭৫০/- | ৫৩,২৮৮/- |
| ১০ | | ছামনা মালাবাড়ী খাস পুকুর | ০.৯৯ | ৩,১৩৪/- | ৩,২৯১/- |
| ১১ | | ব্রাহ্মণশাসন খাস পুকুর | ০.২৭ | - | ৩,১৬৭/- |

CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২ | আনেহলা | শ্যামখালিদহ | ১.৩২ | ৪,১৬৭/- | ৪,৩৭৫/- |
| ১৩ | | হাটকয়রা খাস পুকুর-১ | ০.৪৯ | - | ৩,০১৭/- |
| ১৪ | | হাটকয়রা খাস পুকুর-২ | ০.৬৬ | - | ৩,০০০/- |
| ১৫ | | খায়েরপাড়া খাস পুকুর | ০.৩০ | - | ৩,০৫০/- |
| ১৬ | দেওপাড়া | বারইপাড়া-১ খাস পুকুর | ১.৬১ | ১০,০০০/- | ১০,৫০০/- |
| ১৭ | | কোচক্ষিরা খাস পুকুর | ২.০০ | ৮,৭৫৫/- | ৯,১৯৩/- |
| ১৮ | | গন্ডঘোষ খাস পুকুর | ১.০০ | ৩০,৯৭৫/- | ৩২,৫২৪/- |
| ১৯ | | গান্ধি জলকর | ৫.৪০ | ৭,৩৩৪/- | ৭,৭০১ |
| ২০ | | তালতলা-১ খাস পুকুর | ০.৩২ | - | ৪,০০০/- |
| ২১ | | তালতলা-২ খাস পুকুর | ৩.০২ | - | ১০,০০০/- |
| ২২ | | কালিকাপুর খাস পুকুর | ১.৩৫ | ৭,৩৩৪/- | ৭,৭০১/- |
| ২৩ | সন্ধানপুর | কুশারিয়া খাস পুকুর | ২.৩০ | ৪৫,৮৬৭/- | ৪৮,১৬১/- |
| ২৪ | | বগা খাস পুকুর | ১.৩৩ | ১৪,৫০০/- | ১৫,২২৫/- |
| ২৫ | | এগার কাহনিয়া-১ (সেলাম ঠাকুর) | ১.২৩ | ১০,০০০/- | ১০,৫০০/- |
| ২৬ | | বোয়ালী হাটবাড়ী খাস পুকুর | ১.০৫ | ১০,০০০/- | ১০,৫০০/- |
| ২৭ | | সন্ধানপুর দিঘী | ১৮.৩১ | ৪৩,০০০/- | ৪৫,১৫০/- |
| ২৮ | লক্ষিন্দর | সরাবাড়ী-২ খাস পুকুর | ২.৩৩ | ৪৮,৫০০/- | ৫০,৯২৫/- |
| ২৯ | | বেইলা খাস পুকুর | ৩.৬০ | ১১,৬৬৭/- | ১২,২৫১/- |
| ৩০ | রসুলপুর | মাহব খাস পুকুর | ৩.৭০ | ৫,২৫০/- | ৫,৫১৩/- |
| ৩১ | | শালিয়াবহ খাস পুকুর | ১.৭৬ | ৭০,৮৩৪/- | ৭৪,৩৭৬/- |
| ৩২ | ধলাপাড়া | গাংগাইর খাস পুকুর | ০.৭৬ | - | ৩,০০০/- |
| ৩৩ | সাগরদিঘী | পাগারিয়া-২ খাস পুকুর | ০.৫৬ | ৩,৩৩৪/- | ৩,৫০১/- |
| ৩৪ | | ফুলমালিরচালা-৪ (বগমুড়া) খাস পুকুর | ১.০০ | ৪,০৩৭/- | ৪,২৩৮/- |
| ৩৫ | | জোড়দিঘী-২ খাস পুকুর | ১.৭০ | ১১,৫০০/- | ১২,০৭৫/- |
| ৩৬ | | মালিরচালার-২ (চুলাবর) খাস পুকুর | ২.৭৫ | ১২,০০০ | ১২,৬০০/- |
| ৩৭ | | মালিরচালা-১ খাস পুকুর | ২.০২ | - | ৫,০০০/- |
| ৩৮ | | মালিরচালা-৩ খাস পুকুর | ০.৫২ | - | ৫,০০০/- |
| ৩৯ | | ফুলমালিরচালা-২ খাস পুকুর | ০.৫৮ | - | ২,৯০০/- |
| ৪০ | | পাগারিয়া-১ খাস পুকুর | ০.৮০ | ২,১৬৭/- | ২,২৭৬/- |

## শর্ত সমূহঃ

১। ১ লা বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল ২০২৬ খ্রি.) হতে ৩০ চৈত্র ১৪৩৫ বঙ্গাব্দ (১৩ এপ্রিল ২০২৯) পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে খাস জলমহালসমূহ ইজারা প্রদান করা হবে।

২। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি **acl.ghatail.tangail.gov.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

৩। নিবন্ধিত প্রার্থীগণ কর্তৃক বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে আবেদন সম্পন্ন করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) মূল কপি সীলগালা মুখবদ্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা ও জলমহালের নাম উল্লেখ করে) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল এ দাখিল করতে হবে।

৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর পরিশিষ্ট 'ক' এর আবেদন ফরমটি পূরণপূর্বক ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১-৪৬৩১-০০০০-১২৬১ নম্বর কোডে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।

৫। দাখিলকৃত আবেদনে উল্লিখিত ইজারামূল্য প্রার্থিত জলমহালের বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬। উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রকৃত মৎস্যজীবী হিসেবে প্রত্যয়ন আবেদনের সাথে দাখিল করতে হবে।

৭। জেলা প্রশাসক, টাঙ্গাইল কর্তৃক প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতির অনুকূলে কোন পাওনা ও মামলা নেই মর্মে প্রত্যয়ন লাগবে।

৮। সমিতির প্রত্যেক সদস্যের ছবিসহ নামের তালিকা ও জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তার তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতি সমূহ নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

CamScanner

১০। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/ সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন।

১১। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন; তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

১২। আবেদনকারী মৎস্যজীবী /সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্ট এর প্রয়োজন হবে না।

১৩। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

১৪। ২০ একর পর্যন্ত পুকুর ইজারা প্রদানের জন্য কোনো মৎস্যজীবী সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

(ক) বেকার যুবক;
(খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান;
(গ) যুব মহিলা;
(ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা;
(ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য;
(চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি।
তবে কোনো পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবে না।

১৫। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৬। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৭। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৮। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজ মানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৯। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

২০। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল হতে জানা যাবে।

২১। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে জলমহাল সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধন এবং সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ আবু সাঈদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘাটাইল, টাঙ্গাইল

CamScanner

স্মারক নং-৩১.৩০.৯৩২৮.০০০.০৬.০৪৯.২৪ - ০৮

তারিখ ঃ ০১/০১/২০২৬ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ**

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৩। উপজেলা ....................................কর্মকর্তা, ঘাটাইল, টাঙ্গাইল।
৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঘাটাইল, টাঙ্গাইল। (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫। চেয়ারম্যান/প্রশাসক,.................................. ইউনিয়ন পরিষদ, ঘাটাইল, টাঙ্গাইল (তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.....................................ইউনিয়ন ভূমি অফিস, ঘাটাইল, টাঙ্গাইল।(তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৭। সভাপতি/সম্পাদক...........................................মৎস্যজীবী সংগঠন/সমিতি, ঘাটাইল (তাকে নির্ধারিত সময়ের মধ্যে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি অনুযায়ী দরপত্র দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৮। জনাব.............................................................................................।
০৯। নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঘাটাইল/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঘাটাইল, টাঙ্গাইল।
১০। অফিস কপি।

০১/০১/২০২৬

জাহিদুর রহমান
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঘাটাইল, টাঙ্গাইল।
০১/০১/২০২৬

CS CamScanner